তারিখ 25 MAR 2008

# ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ব্যয় সঙ্কুলানে অবহিতকরণ সেমিনার

জেলা বার্তা পরিবেশক, মৌলভীবাজার

রবিবার মৌলভীবাজার সরকারি কলেজের জয়া অডিটোরিয়ামে 'বাংলাদেশ উন্নয়ন পরিষদ (বিইউপি) ও গণস্বাক্ষরতা অভিযানের আয়োজনে এডুকেশন ওয়াচ ২০০৬ রিপোর্ট 'বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ব্যয় সংকুলান' অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়।

বিইউপি চেয়ারম্যান ও এডুকেশন ওয়াচের গবেষণা রিপোর্টের সমন্বয়ক ড. কাজী খলীকুজ্জামান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপদেষ্টা রাশেদা কে চৌধুরী। বক্তব্য রাখেন. মৌলভীবাজারে জেলা প্রশাসক মুহ. আলকামা সিদ্দিকী. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও এডুকেশন ওয়াচ ২০০৬-এর প্রধান গবেষক ড. কাজী সালেহ আহমেদ. মৌলভীবাজার কলেজের অধ্যক্ষ প্রফেসর তরুণ কান্তি চৌধুরী. গণস্বাক্ষরতা অভিযানের কার্যক্রম ব্যবস্থাপক কে এম এনামুল হক. শিক্ষক সিরাজুন্নেছা বানু. অধ্যক্ষ ইকবাল আহমদ. এডুকেশন ওয়াচের সিনিয়র ফেলো সৈয়দ শাহ হাবিব উল্লাহ আবদুল বাছিত প্রমুখ।

প্রধান অতিথি রাশেদা কে চৌধুরী বলেন. বাংলাদেশে আগের চেয়ে শিক্ষার চাহিদা বৃদ্ধি পেয়েছে। শুধু প্রাইমারি শিক্ষাক্ষেত্রেই ১১ ধরনের শিক্ষাব্যবস্থা চালু রয়েছে। মৌলিক শিক্ষাব্যবস্থা সবার জন্য নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। বর্তমানে শিক্ষাব্যবস্থা পণ্য হয়ে গেছে. সঙ্কুচিত হয়ে আসছে। এ ধারা থেকে উত্তরণের পথ বের করতে হবে। বর্তমান সরকার নতুন নতুন স্কুল নির্মাণের প্রকল্প হাতে নিয়েছে। প্রতিটি স্কুলে প্রতিবন্ধী শিশুদের অংশগ্রহণ নিশ্চিতকরণের পাশাপাশি স্কুলগুলোতে আলাদা জায়গা রাখতে হবে। এ সরকার শিক্ষাক্ষেত্রে নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করেছে। বর্তমান সরকারের মূল বিষয় হলো একটি অবাধ ও সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান করা; পাশাপাশি অন্য কাজগুলোকে এগিয়ে নিয়ে যাওয়া। পরবর্তীতে নির্বাচিত সরকারকে আমাদের কাজের ধারাবাহিকতা রক্ষা করতে হবে।